

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৪২.০১১.০৫.০০.০০৫.২০১৪.২০৭৬

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ভোলা জেলা পরিষদে সাংগঠনিক কাঠামো বহির্ভূত পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্রঃ ভোলা জেলা পরিষদের স্মারক নং-জেপ-ভোলা/প্রশাঃশাঃ/২০১৭/৫৫৯, তারিখঃ ১৭/৯/২০১৭।

ভোলা জেলা পরিষদের মালিকানাধীন ডাকবাংলোতে সাংগঠনিক কাঠামো বহির্ভূত দৈনিক মজুরী ভিত্তিতে লোক নিয়োগের ছাড়পত্র প্রদানের বিষয়ে নিম্নবর্ণিত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- ১) জেলা পরিষদ/অডিটরিয়াম/ডাকবাংলোতে দৈনিক মজুরী ভিত্তিতে বর্তমানে কতজন কেয়ারটেকার/পরিচ্ছন্নতা কর্মী কর্মরত রয়েছে; তাদের মধ্যে কে কোন ডাকবাংলো/অডিটরিয়ামে কর্মরত আছে, কর্মচারীদের নিয়োগে মন্ত্রণালয়ের অনুমোদন আছে কিনা তথ্যাদিসহ তাদের নামের তালিকা প্রেরণ;
- ২) সাংগঠনিক কাঠামোভূক্ত পদে দৈনিক মজুরী ভিত্তিতে কোন লোক কর্মরত রয়েছে কিনা; থাকলে তাদের কোন আইন/বিধি বলে নিয়োগ করা হয়েছে;
- ৩) ডাকবাংলো/অডিটরিয়াম সমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব বিবরণী;
- ৪) কোন কোন ডাকবাংলোর জন্য লোক নিয়োগের প্রস্তাব করা হয়েছে;
- ৫) লোক নিয়োগের বিষয়ে জেলা পরিষদের সিদ্ধান্তের কপি।


২৭/১১/১৭

(আনজুমান আরা)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ভোলা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।